গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজৈর, মাদারীপুর ।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.২০১৪-২৯৮ তারিখ ঃ ০৭/০৩/২০২৪ খ্রিঃ

বিষয়ঃ রাজৈর উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিতি প্রসঙ্গে ।

রাজৈর উপজেলা পরিষদের মার্চ-২৪ খ্রিঃ মাসের সাধারণ সভা আগামী ১৪ মার্চ-২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকার চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কার্যপত্রসহ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৭.০৩.২৪
(উপমা ফারিসা)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৪। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৫। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০৬। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮। উপজেলা.............................. কর্মকর্তা রাজৈর। পত্র প্রাপ্তির দুই কর্মদিবসের মধ্যে কার্যপত্র ........................ সরাসরি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
০৯। চেয়ারম্যান (সকল), ...........................ইউপি, রাজৈর।
১০। জনাব.......................................................

..........................................................

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ-
০১। জনাব শাজাহান খান, মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২
০২। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩। অফিস কপি।

## উপজেলা পরিষদ রাজৈর, মাদারীপুর এর মার্চ-২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি ঃ মোঃ রেজাউল করিম চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ কমপ্লেক্স।
তারিখ ঃ ১৪-০৩-২০২৪খ্রিঃ
সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভা পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিগত সভার সিদ্ধান্ত সম্পর্কে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিতভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ। | উপজেলা কৃষি অফিসার, রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন<br>রবি/২০২৩-২৪ আবাদের তথ্যঃ- বোরো ধান-১০২৫৮ হেঃ, গম-১৩৫০ হেঃ, সরিষা- ২৮৪০ হেঃ, শাক-সবজি-৭৮৯ হেঃ। খরিফ-১ (২০২৩-২৪)ঃ- আউশ ধান-২৫০ জন (লক্ষমাত্রা), পাট-২৬০০ জন (লক্ষমাত্রা)<br>মার্চ/২৪ সারের বরাদ্দ ঃ- ইউরিয়া-২৯৭ মে.টন, ডিএপি-১১২ মে.টন, টিএসপি-২০ মে.টন, ও এমওপি-৮০ মে.টন। | মাঠে সার্বক্ষনিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, রাজৈর বলেন গবাদি পশুর টিকা প্রদান-৪২৪০ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান-৯৩৫০০ মাত্রা, গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান-১৭৩৯ টি, হাঁস-মুরগির চিকিৎসা সেবা প্রদান-২২১৫০ টি, পোষা প্রাণীর চিকিৎসা প্রদান-[illegible] টি, কৃত্রিম প্রজনন-৪৯৬ টি, সংকর জাতের বাছুরের তথ্য-১৯৪ টি, গবাদিপশুর খামার স্থাপন-০ টি, হাঁস-মুরগির খামার স্থাপন-০, খামার **পরিদর্শন**-০৯ টি, উঠান বৈঠকের আয়োজন-০৪ টি, প্রাণিপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান-০, উন্নত জাতের ঘাসের চাষ-০১.২৫ একর। দপ্তরের অন্যান্য সেবামূলক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার। |
| ০৪ | স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী, রাজৈর সভায় জানান যে, রাজৈর উপজেলায় চলতি অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ৫৩৭৩০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। সে মোতাবেক সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভাকরে প্রকল্প তালিকা জমা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি কয়েকজন ইউপি চেয়ারম্যান ও উপজেলা চেয়ারম্যানের নিকট হতে চলতি অর্থ বছরের প্রকল্প তালিকা পাওয়া যায়নি। তালিকা জমা দিতে দেরী হওয়ার কারনে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন না করতে পারলে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী দায়ী থাকবে না। একারনে দ্রুত তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | দ্রুত প্রকল্প তালিকা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। |
| ০৫ | ত্রাণ ও পুনর্বাসন শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম পর্যায় টিআর সাধারণ ও টিআর বিশেষ অগ্রগতি ৮৫% এবং ২য় পর্যায়ে ৪০%, কাবিখা/কাবিটা সাধারণ ও বিশেষ ১ম পর্যায়ে অগ্রগতি ৮০% ২য় পর্যায় ৫০%। বীর নিবাস ৫৮ টি গৃহের কাজের অগ্রগতি ৯২%। ইশিবপুর বন্যা আশ্রয়কেন্দ্রে ৯৫% ও মালেক মিয়া মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ে বন্যা আশ্রয় কেন্দ্রের ৩০% কাজ সমাপ্ত। ভূমি মন্ত্রণালয়ের (সিভিআরপি) প্রকল্পের আওতায় ২৬ টি গৃহের ৯২% কাজ সমাপ্ত হয়েছে। গ্রামীন রাস্তার ১৫মিঃ দৈর্ঘ্য ১টি গার্ডার ৯৫% ও ৩টি বক্স কালর্ভাটের গড় অগ্রগতি ৪০%। এইচবিবি রাস্তার ৩টি প্যাকেজের গড় অগ্রগতি ৭৫%। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ। | উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৪ সুষ্ঠুভাবে উদযাপিত হয়েছে এবং জাটকা সংরক্ষণ অভিযান বাস্তবায়ন ও নিষিদ্ধ জাল বন্ধে নিয়মিত বাজার পরিদর্শন ও | মাছের উৎপাদন বৃদ্ধি করতে প্রয়োজনীয় সকল সহযোগিতা করতে হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন | উপজেলা মৎস্য অফিসার। |

| ক্রঃনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | অভিযান পরিচালিত হচ্ছে। অত্র দপ্তরের ক্ষুদ্র ঋণ কর্মসূচীর অনাদায়ী টাকা উত্তোলনে জনপ্রতিনিধিবৃন্দেও আন্তরিক সহযোগিতা কামনা করা হচ্ছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | করতে হবে। | |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মাঃ শিক্ষা অফিসার। |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজৈর উপজেলায় বর্তমান মাসে খাবার বড়ির মাসিক লক্ষ্যমাত্রা-১৫৭২, অর্জন-৬১০, ইনজেকটেবলস-৭৬৬, অর্জন-০০, কনডম-২৮২, অর্জন-৪২, আইইউডি-৬০, অর্জন-০৮, ইমপ্লান্ট-৭৭, অর্জন-৭৫ এবং স্থায়ী পদ্ধতি-২০, অর্জন-০৮। উপজেলার মোট সক্ষম দম্পতি-৪৮৯৩৯ জন মোট গ্রহণকারী-৩৭৫৭০জন। প্রতিমাসে ইউনিয়ন পর্যায়ে বন্ধ্যাত্বকরণ ক্যাম্পের আয়োজন করা হয়। পরিবার পরিকল্পনা সেবা এবং মা ও শিশু সেবা ও সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিস। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডিবি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, উপজেলা পল্লী উন্নয়ন অফিসে প্রবেশের রাস্তাটি নিচু হওয়ার বর্ষাকালে পানির নিচে তলিয়ে থাকে। ফলে সেবা প্রত্যাশিদের আসা-যাওয়ায় মারাত্মক অসুবিধার সম্মুখিন হতে হয়। দ্রুত রাস্তাটি মেরামত/সংস্কার করার জন্য অনুরোধ করছি। লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিত সমিতি/দলগঠন ০২ টি, সদস্য/সদস্যা ভর্তি মাসে-৭৯ জন বছরে-৩৬৩ জন, শেয়ার আদায়-০.০২ টাকা, বছরে ০.২৩ টাকা, সঞ্চয় আদায় মাসে-১২.২১ লক্ষ টাকা, বছরে ৭৬.৩২ লক্ষ টাকা, ঋণ বিতরণ মাসে-২২৬.১৮ লক্ষ টাকা, বছরে ১৬২৬.৩৪ লক্ষ টাকা, ঋণ আদায় মাসে-৪১৪.১২ লক্ষ টাকা, বছরে ১৬৮২.৯১ লক্ষ টাকা। এছাড়া প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>প্রকল্প গ্রহণ- মৎস্য চাষ- ১০৭ টি, গরু মোটাতাজাকরণ- ৮০ টি, হাঁস মুরগি পালন- ১৩০ টি, সবজি চাষ- ১৫৭ টি, ক্ষুদ্র ব্যবসা- ১৪২ টি ও কৃষি কাজ- ১২৩ টি। সর্বমোট-৭৩৯ টি। ১। সিভিডিপি প্রকল্পের সঞ্চয় জমা কার্যক্রম চলমান ও প্রশিক্ষণের জন্য অবহিতকরণ। ২। সিভিডিপি প্রকল্পের আইজিএ ও দক্ষতামূলক প্রশিক্ষণ চলমান আছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার। |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বরাদ্দকৃতমোট ঋণ তহবিল (রাজস্ব)-২৫৩৮৮০০/-, মোট ঋণ বিতরণ-৩৫৩১২৫০০/-, আদায়যোগ্য আসল ৩২৮৩৯৪০৭/-, আদায়কৃত আসল ৩১৭১১০৯৬/-, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৬.৫৬%, মোট ঋণখেলাপী ৬৪৬০২৩/-, ঋণ খেলাপীর সংখ্যা-৪০ জন, ঋণ গ্রহিতার সংখ্যা- ১৩৬৪ জন, ২০২৩-২৪ অর্থবছরে ঋণ গ্রহিতার সংখ্যা (পুঃ ০৫+মঃ ১৬)=২১ জন, যুব ঋণ বিতরণ ১২৫০০০০/- টাকা ও এ মাসে প্রশিক্ষন (পুঃ ০০+মঃ ০০ জন)= ০০ জন, বছরে প্রশিক্ষন=(৩৫+২০৫)=২৪০ জন, ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ (পুঃ ২২১৫ + মঃ ৪৬৮৭)=৬৯০২ জন, ক্রমপুঞ্জিত আত্মকর্মী (পুঃ ১০৬২ + মঃ ২০২৯)=৩০৯১ জন, পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর ঋণের বরাদ্দ মোট-২০০০০০০/-, ঋণ বিতরণ মোট- ৩৯২০০০০/-, আদায়যোগ্য আসল মোট-৩৭২৮০০০/-, আদায়কৃত আসল ৩৬৭৯৩০০/-, আদায়ের হার- ৯৮.৬৭%, ঋণীর সংখ্যা - ৩৫৫ জন,২০২৩-২৪ অর্থ বছরে উপকারভোগীর সংখ্যা-(পুঃ০০+মঃ০০)=০০ জন, ক্রমপুঞ্জিত উপকারভোগীর সংখ্যা (পুঃ ১৮৪+মঃ ১৭১)=৩৫৫ জন, মোট ঋণখেলাপী- ৪৮৭০০/-, ঋণ খেলাপীর সংখ্যা-৩০জন, প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণের মোট বরাদ্দ-৪০০০০০/-, মোট বিতরণ-৪৫০০০০/, ঋণ আদায়যোগ্য আসল-৪৫০০০০/-, আদায়কৃত আসল-৪১৪৮৩৩/-, আদায়ের হার-৯২%, মোট ঋণখেলাপী-৩৫,১৬৭/-, মোট ঋণখেলাপী সংখ্যা-০১জন, মোট সংখ্যা-১৫ জন,২০২৩-২৪ অর্থবছর প্রশিক্ষন (পুঃ ০+মঃ ০)=০ জন, ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ (পুঃ | সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠু ভাবে সম্পন্ন হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যুব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণের ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |

| ক্রমিক | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ৭১৭+মহিলা ১৪৮৩)=২,২০০ জন, ২০২৩-২৪ অর্থবছরে আত্মকর্মী (পুরুষ ০+মহিলা ০)=০ জন, ঋণপ্রাপ্ত আত্মকর্মী (পুরুষ ৪০৮+মহিলা ৭৫২)=১,১৬০ জন, নিবন্ধনকৃত যুব সংগঠনের মোট সংখ্যা-২৪টি, উপজেলার কার্যক্রম সন্তোষজনক। | | |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজৈর উপজেলায় বিভাগীয় কেন্দ্রীয় ০২টি, বিভাগীয় প্রাথমিক ১২৮টি, পল্লীউন্নয়ন কেন্দ্রীয় ০১টি ও পল্লীউন্নয়ন প্রাথমিক ১৭৯টি সমবায় সমিতি রয়েছে। এ সকল সমিতির মধ্যে অডিট বরাদ্দ রয়েছে ১২৮টি এবং অডিট সম্পন্ন হয়েছে প্রাথমিক ১১০টি, পল্লী উঃ কেন্দ্রীয়-০১ টি। মোট অডিট ফি ধার্য হয়েছে ৮৩৫২০/- টাকা এবং অডিট আদায় হয়েছে ৮৩৫২০/- টাকা। সমবায় উন্নয়ন তহবিলে ধার্য ৭৯১৩৪/- এবং আদায় ৭৯১৩৪/- টাকা। পল্লবর্তী আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২)তে ঋণ বিতরণ-৪৭৫০০০/- টাকা, আদায়-৩৮৫২৫০/- টাকা, সার্ভিস চার্জ আদায়-২৯১৬০/- টাকা এবং ঋণ পাওনা ৮৯৭৫০/- টাকা। গুচ্ছ প্রকল্পে মোট ঋণ বিতরণ (লক্ষ টাকায়)-৪৭৫.০০, ঋণ আদায়যোগ্য-৩৪৪.১৬, আদায়যোগ্য হয়নি-৩০.৮৫, ঋণ আদায়-২৮৩.৬১ এবং সার্ভিস চার্জ আদায়-৩৬.৩৩/- টাকা। গুচ্ছ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রমে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। এ দপ্তরে জনবল সংকট রয়েছে। তাছাড়া পল্লবর্তী আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২) ব্যারাকের অবস্থা খুবই খারাপ। সামান্য বৃষ্টি হলেই ঘরের ভিতর পানি পড়ার কারণে বসবাসকারীগণ মানবেতর জীবনযাপন করছে। ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মাঠে ঋণ আদায়ে কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার। |
| ১৪ | উপজেলা নির্বাচন অফিস। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার। |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর সভায় জানান যে, পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের ২০২২-২৩ অর্থবছরে ২৫০টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে। ২০২২-২৩ অর্থবছরে গভীর নলকূপের কাজ ৯৮% স্থাপন করা হয়েছে এবং কাজ চলমান আছে। সারাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০[illegible]-৩ অর্থবছরে ২৯৬টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। গভীর নলকূপের কাজ ৯৫% স্থাপন করা হয়েছে এবং কাজ চলমান আছে। | গভীর নলকূপ স্থাপনকাজ দ্রুত সমাপ্ত করতে হবে। দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৬ | উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজৈর বাজার ব্রীজ হতে আমগ্রাম ব্রীজ পর্যন্ত বন বিভাগে বিদ্যমান গাছসমূহ মার্কিং তালিকা ও লট আকারে মোতাবেক নিলামে বিক্রয় করা হবে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা। |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর সভায় জানান যে, চাল ১৮৬৮.৩২৫ মেঃ টন, গম ঃ ১৯৫.২৫০ মেঃ টন, খালিবস্তা ঃ ১১২৭০ খানা। সারাদেশের ন্যায় রাজৈর উপজেলা হতে অভ্যন্তরীণভাবে সরকার ৩২৪১.০০০ মেঃ টন আমন সিদ্ধ চাল এবং ১৯৮.০০০ মেঃ টন আমন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। এ পর্যন্ত আমন সিদ্ধ চাল সংগ্রহ করা হয়েছে ২৩৬৬.১৯০ মেঃ টন। লটারীর মাধ্যমে নির্বাচিত কৃষকগণের মধ্য হতে এখন পর্যন্ত কোন কৃষক টেকেরহাট এলএসডিতে ধান বিক্রয় করতে আসেননি। যোগাযোগ করে জানা যায় ধানের বাজার দর সরকারের ক্রয়মূল্যের বেশি হওয়ায় তারা এলএসডিতে ধান সরবরাহের আগ্রহী নন। জানুয়ারি/২৪ মাসে টিসিবি ডিলারের মাধ্যমে অন্যান্য পণ্যের সাথে ওএমএস কার্যক্রমের আওতায় ভোক্তা প্রতি ০৫ কেজি হারে ৩০ টাকা দরে চাল বিক্রয় কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হয়েছে। উক্ত কার্যক্রমে রাজৈর উপজেলায় ১২,৭৪০ জন ভোক্তা মাঝে (১২,৭৪০×৫)=৬৩.৭০০ মেঃ টন চাল বিলিবিতরণ করা হয়। রাজৈর পৌরসভায় ১১ জন এবং ইউনিয়ন পর্যায়ে ১৩ জন টিসিবি ডিলারের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। খাদ্যবান্ধব ডিলারদের মাধ্যমে টিসিবির ডিলারদের নিকট চাল সরবরাহ করা হয়। এ পর্যন্ত এপ্রিল/২৪ পর্যন্ত এ কার্যক্রমের অনুমোদন পাওয়া গেছে। চলতি মাসে টিসিবির চাল বিতরণ করার সময় সূচী এখন পর্যন্ত পাওয়া যায় নাই। রাজৈর উপজেলায় ১২টি ইউনিয়নে ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় কার্ডের মাধ্যমে মোট ১৬৯৮ জন মহিলাকে প্রতি মাসে ৩০কেজি হারে চাল বিলিবিতরণ করা হয়। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | জানুয়ারি ও ফেব্রুয়ারি /২৪ মাসের চাল বিলিবিতরণ শেষ হয়েছে। আগামী মাস হতে (মার্চ/২৪) হতে খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় নিম্ন আয়ের জনগোষ্ঠীদের ১৫ টাকা দরে ৩০ কেজি হারে চাল বিলিবিতরণ করা হবে। যে সকল ভোক্তা মৃতবরণ/ কারাবরণ/ বিদেশ গমণ করেছেন তাদের তালিকা হতে বাদ দেয়ার জন্য তালিকা প্রণয়নে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে বিশেষভাবে অনুরোধ করা হল। রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ফুড গ্রেইন লাইসেন্স করনের কার্যক্রম অব্যাহতসহ অন্যান্য কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে। | | ) |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর সভায় জানান ভিডব্লিউবি ফেব্রুয়ারি/২৪ মাসের চাল বিতরণ ছাড়পত্র প্রস্তুত করে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচীর ফেব্রুয়ারি/২৪ মাসের ১১ ইউনিয়ন ও ১ টি পৌরসভায় মোট ১২টির আওতাভোগীর চূড়ান্ত নাম এন্ট্রি করা হয়েছে। জানুয়ারি/২৪ হতে মার্চ/২৪ মাসের ৩০ জন সেলাই প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করছি। | সাপ্তাহিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | কার্যপত্র না থাকায় সাপ্তাহিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা। |
| ২০ | উপজেলা হিসাবরক্ষণ অফিস | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, উপজেলায় মোট ৩৮ টি ডিডিও'র ২৩৩ জন কর্মকর্তা ও ১১২৩ জন কর্মচারীর ফেব্রুয়ারি-২৪ মাসের বেতন এবং ৮৭ জন পেনশনারের পেনশন ০৩-০৩-২৪ তারিখে ইএফটি এর মাধ্যমে পরিশোধ করা হয়েছে। ডিডিও কর্তৃক দাখিলকৃত অন্যান্য বিলসমূহ ম্যানুয়ালী পরিশোধ করা হচ্ছে। সাপ্তাহিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সাপ্তাহিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা। |
| ২১ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | কার্যপত্র না থাকায় সাপ্তাহিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি। |
| ২২ | বিদ্যুৎ বিভাগ। | কার্যপত্র না থাকায় সাপ্তাহিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট |
| ২৩ | পল্লী সঞ্চয় ব্যাংক। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২২২টি সমিতিতে ১০১৩৪ জন। সদস্যদের জীবনমান উন্নয়নের লক্ষে নিজস্ব সঞ্চয়ের মাধ্যমে পুঁজি গঠন, সরকার প্রদেয় উৎসাহ বোনাস ও ঘূর্ণায়মান ঋণ তহবিলের মাধ্যমে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। বর্তমান মাসে সঞ্চয় আদায়ের পরিমান ৭২২০০০/- ও ঋণ আদায়ের পরিমান ১০৬৬০০০০/- ও ঋণ প্রদানের পরিমান ৮৫০০০০০/-। ইউনিয়ন পর্যায়ে সদস্য ভর্তি চলমান। সাপ্তাহিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২৪ | উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। | ইউডিএফ, রাজৈর সভায় জানান যে, ৬ষ্ঠ পর্যায়ে এর অবকাঠামো উপ-প্রকল্পের মধ্যে রাজৈর উপজেলার ১৫ টি শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে স্মার্ট টেলিভিশন সরবরাহ কাজের বিলটি ইতিমধ্যে হেড অফিসে প্রেরণ করা হয়েছে। এছাড়া বাকি ২টি অবকাঠামোর কাজ চলমান রয়েছে। কিন্তু কাজটি [illegible] খুব ধীরগতিতে। দ্রুত কাজ সমাপ্ত করার জন্য ঠিকাদারকে অনুরোধ করা হয়েছে। সকলের সহযোগিতা কামনা করেন। | ঠিকাদারকে দ্রুত কাজ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | ইউডিএফ, উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প। |
| ২৫ | উপজেলা পাট পরিদর্শক | কার্যপত্র না থাকায় সাপ্তাহিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা। |
| ২৬ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের আওতায় পল্লী অঞ্চলের সুবিধা বঞ্চিত জনগোষ্ঠিকে সংগঠিত করে কার্যকরী ঋণদান কর্মসূচী, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ, নারীর ক্ষমতায়ন এবং সদস্যদের পুজি গঠন করে দারিদ্র্য বিমোচনে উল্লেখযোগ্য ভূমিকা রাখে। চলতি অর্থ বছরে লক্ষ্যমাত্রা ও অগ্রগতি। মোট সমিতি-লক্ষমাত্রা ৭৩ অর্জন ৭১ টি, মোট সদস্য লক্ষমাত্রা-২৪০০ জন, অর্জন ২১৮২ জন,ঋণী সদস্য সংখ্যা লক্ষমাত্রা-৭৫০ জন, অর্জন ৬৯৪ জন, চলতি বছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা-৩১০.০০ লক্ষ, অর্জন ১৯৭.৯০ লক্ষ, চলতি বছরে ঋণ আদায়-৩৪০.৮২ লক্ষ, অর্জন ২২৩.০৫ লক্ষ, মোট খেলাপি (ক্রমপুঞ্জিত)-৪৩.৯৭ লক্ষ, ঋণ মাঠে পাওনা লক্ষমাত্রা-২২১.৬৪ লক্ষ, আদায়ের হার ঋণ- | সাপ্তাহিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নসহ ঋণ আদায়ে তৎপরতা আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার। |

| ক্রমিক | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ৯৭টি, সকল প্রশিক্ষণ ও আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ড লক্ষমাত্রা ২০০ জন, চলতি বছর অর্জন ১৫০ জন (সমিতি পর্যায়ে), পুঁজি গঠন (ক্রমপুঞ্জিত)-১১০.১৭ লক্ষ। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ২৭ | বিবিধ আলোচনা। | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর সভাকে অবগত করেন যে, মিঠুন শেখ, পিতাঃ মনু মরামী, মাতাঃ সবেজান বেগম, গ্রামঃ হোসেনপুর, রাজৈর, মাদারীপুর। গত ১২ জানুয়ারি ২০২৪ তারিখে আনুমানিক রাত ২.৩০ ঘটিকার হঠাৎ অগ্নিকাণ্ডে তাদের বসতঘর, রান্নাঘর সম্পূর্ণরূপে পুড়ে যায়। অগ্নিকাণ্ডে বসতবাড়ি পুড়ে যাওয়ায় নতুনভাবে বসতঘর নির্মাণের জন্য আর্থিক সহায়তা চেয়ে আবেদন করেছেন। মানবিক কারণে উক্ত ব্যক্তিকে উপজেলা পরিষদ হতে আর্থিক সহায়তা করা প্রয়োজন। উপজেলা চেয়ারম্যানের জন্য বরাদ্দকৃত জীপগাড়ীটি প্রয়োজনীয় মেরামত কাজ শেষ করাতে আরও ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রয়োজন যা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের প্রস্তাব করেন। গত ১৯-০২-২৪ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভায় অনুমোদিত সাতপাড় বাজার সংলগ্ন রাস্তা সিসি করণ কাজের পরিবর্তে সাতপাড় বাজার মন্দিরের সেডঘর উন্নয়ন-২০০০০০/- (দুই লক্ষ) টাকা প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন।<br>সভাপতি-জনাব হোসেন মন্ডল, ইউপি সদস্য, কদমবাড়ী ইউপি<br>সম্পাদক- জনাব সুধাংশুকান্তি হালদার, ব্যবসায়ী<br>নিম্নবর্ণিত প্রকল্পগুলি ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) হতে আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।<br>১। আমগ্রাম ১নং ওয়ার্ড হাসেম খানের বাড়ি হতে এমদাদ খানের বাড়ির ব্রীজ পর্যন্ত রাস্তা আরসিসি করণ-৪০০০০০/- টাকা, ২। কদমবাড়ী বাজপাড় পূর্বপাড়ে মসজিদ সড়ক ইটের সোলিং-২০০০০০/, ৩। কৃষ্ণপুর মালেক মাতুব্বরের বাড়ির পাশে সেকেন হতে মসজিদ পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২০০০০০/-, ৪। উত্তর কিত্যানন্দি ওলীয়ার বাড়ির মসজিদ হতে ইউনুস মোল্লার বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২০০০০০/-, ৫। শ্রীকৃষ্ণদী আমানিয়া মাতুব্বরের বাড়ির রাস্তায় ইটের সোলিং-২০০০০০/-, ৬। পশ্চিম খালিয়া শাহ বাড়ী হতে কলেজ ঘাটের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২০০০০০/-, ৭। কদমবাড়ী চেয়ারম্যান বাড়ির সামনে হতে চণ্ডীদাস চেকারদারের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ-২০০০০০/-, ৮। আলেকজান্দার মোড়ের ইটের রাস্তা হতে মকবুল মাতার বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২০০০০০/-, ৯। হাওলাদারবাড়ি মাওলার বাড়ির হতে আব্দুল এর বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২০০০০০/-, ১০। রামকৃষ্ণ মধু, পিং-বাবুরাম মধু, কদমবাড়ী এর বাড়ি ০১ টি গভীর নলকূপ ও নিতাই চন্দ্র বালা, পিং-অনন্ত লাল বালা, আমগ্রাম উত্তরপাড় এর বাড়ি ০১ টি গভীর নলকূপ স্থাপন-২০০০০০/-, ১১। সরদারবাড়ি জামে মসজিদের সামনে ঈদগাহ মাঠ উন্নয়ন-২০০০০০/-, ১২। রাজৈর উপজেলা রোড সংলগ্ন প্রফেসর জাহাঙ্গীর আলমের বাড়ির সামনে খালের উপর ফুট ব্রীজ নির্মাণ-২০০০০০/-, ১৩। নটাখোলা আমির সেকেন্দারের বাড়ির নিকট হতে কাদু সেকেন্দারের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-২০০০০০/-।<br>(খ) উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভায় বলেন গত কয়েকদিন আগে দক্ষিণ রাজৈর সপ্রাবি, আলমদস্তার সপ্রাবি ও পশ্চিম রাজৈর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুলে আকস্মিক পরিদর্শনে যাই। এর মধ্যে আলমদস্তার সপ্রাবিতে শিক্ষার্থী সংখ্যা খুবই অপ্রতুল এবং পশ্চিম রাজৈর সপ্রাবি পরিদর্শনে গিয়ে স্কুল চলাকালীন সময়ে কোন শিক্ষার্থী পাওয়া যায়নি। ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, রাজৈরকে অনুরোধ করেন। সরকারি বাচ্চাদের স্কুলে পাঠাতে প্রদানের জন্য সকল ধর্মপ্রাণ মুসলমানদের অনুরোধ করেন।<br>(গ) চেয়ারম্যান, আমগ্রাম ইউপি, রাজৈর বলেন বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/উন্নয়ন জন্য তহবিল হতে জনাব গোবিন্দ বাড়ৈ, পিং-কার্তিক বাড়ৈ, নয়াকান্দি এর বাড়ি ০১ টি গভীর নলকূপ ও জনাব সুরজিত বৈরাগী, পিং- জগদীশ বৈরাগী, কদমবাড়ী এর বাড়ি ০১ টি গভীর নলকূপ স্থাপন-২০০০০০/- প্রকল্পটি অনুমোদিত সভাপতি ও সাধারণ সম্পাদক দ্বারা পুর্নাঙ্গ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। | (ক) মিঠুন শেখকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর (ঘ) নং অনুচ্ছেদের অপ্রত্যাশিত খাত হতে ১০,০০০/- (দশ হাজার) টাকা সহায়তা ও উন্নয়ন প্রকল্পগুলি দ্রুত প্রস্তাবিত পদ্ধতিতে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে সভায় জানানোর জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>(গ) উন্নয়ন প্রকল্পটি প্রস্তাবিত পদ্ধতিতে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর ও সংশ্লিষ্ট সকল। |

| ক্রমিক | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সভাপতি- জনাব সুভাষ চন্দ্র সরকার, চেয়ারম্যান, আমগ্রাম ইউপি<br>সম্পাদক- জনাব সুখ রঞ্জন সরকার, গন্ডামারা | | |
| | | (ঘ) চেয়ারম্যান, কবিরাজপুর ইউপি, রাজৈর বলেন ১০০ মিঃ রাস্তার আজ সমাপ্তের সার্থে ৭টি গাছ কর্তন করা প্রয়োজন। দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | (ঘ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয় | |
| | | (ঙ) চেয়ারম্যান, কদমবাড়ি ইউপি, রাজৈর বলেন কদমবাড়ি হতে আড়ুয়াকান্দি পর্যন্ত রাস্তা, আড়ুয়াকান্দি হতে পুকুরিয়া পর্যন্ত রাস্তা, বড়খোলা হতে নটাখোলা হয়ে আনন্দপুর কদমপুর পর্যন্ত রাস্তা কার্পেটিং করার জন্য পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। আড়ুয়াকান্দি সার্বজনীন শনি মন্দিরের সামনে ও পুকুরিয়া গণেশ মন্ডলের বাড়ির সামনে এবং মধ্যবাড়ি নয়াবি সামনে ব্রীজ প্রয়োজন। ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। | (ঙ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| | | (চ) চেয়ারম্যান, ইশিবপুর ইউপি, রাজৈর বলেন গাড়াকান্দি শাখারপাড় সপ্রাবির জন্য নতুন একটি বিল্ডিং ভবন প্রয়োজন। ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | (চ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | |
| | | (ছ) সভাপতি, [illegible], রাজৈর সভায় জানান যে, কদমবাড়ি আড়ুয়াকান্দি কদমখোলা রাস্তাটির অবস্থা অত্যন্ত নাজুক। যাতায়াতের উপযোগী করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। রাজৈর উপজেলায় অনেকগুলি ক্লাব রয়েছে। জমি পরিমাপ করে এসকল ক্লাব উন্নয়ন করা প্রয়োজন। ATO গণ স্কুল পরিদর্শনে গেলে অধিকাংশ সময়ে কোন না কোন শিক্ষকের মোটর সাইকেলে যান। এতে করে যে শিক্ষক কে নেয়া হল তার স্কুলে পাঠদানের বিঘ্নটি কি হবে। বিষয়টি উপজেলা শিক্ষা অফিসার, রাজৈর এর নিকট জানতে চান। | (ছ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজৈর, মাদারীপুর।

স্মারক নং-০৫.৩১.৫৪৮০.০০০.০৮.০০১.১৪- তারিখঃ ১৩-০৩-২০২৪ খ্রিঃ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো)ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জনাব শাজাহান খান, এমপি, মাদারীপুর-২ এবং উপদেষ্টা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। সিনিয়র সহকারী সচিব, জেলা প্রশাসন-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৭। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০২। উপজেলা ............................................... কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩। চেয়ারম্যান (সকল), .................................... ইউনিয়ন পরিষদ, রাজৈর।
০৪। অফিস কপি।

১৪.০৩.২৪
([illegible])
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।